দৈনিক খবর

তারিখ ... 14 SEP 1992 ...
পৃষ্ঠা ... ৪ ... ৭ ...

৩১

# দেশের প্রতিটি থানায় স্কুল ও কলেজ সরকারী করা হবে

মোয়জ্জেমপুর (ময়মনসিংহ), ১৩ই সেপ্টেম্বর।– স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ব্যারিষ্টার আবদুস সালাম তালুকদার বলেছেন, দেশের প্রতিটি থানায় একটি করে হাইস্কুল এবং একটি করে কলেজ সরকারীকরণ করা হবে এবং এতে ব্যয় হবে ৭ কোটি টাকা।

এছাড়া আগামী তিন বছরের মধ্যে দেশের ১ হাজার প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামোতে উন্নয়নের জন্য প্রতিটি স্কুলকে ২ লাখ ৪০ হাজার টাকা করে অনুদান দেয়াহবে।

তিনি গত শুক্রবার এখানে বাংলাদেশ জাতীয়তাবাদী দল ময়মনসিংহ সদর উত্তর জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলন '৯২ এ প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সংসদ সদস্য আনোয়ারুল হক খান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সম্মেলনে পাটমন্ত্রী ব্রিগেডিয়ার (অবঃ) আঃ সঃ মঃ হান্নান শাহ, এটা প্রতিমন্ত্রী লুৎফর রহমান খান, সংসদ সদস্য বেগম নূরজাহান ইয়াসমীন এবং স্থানীয় নেতৃবৃন্দ বক্তৃতাকরেন।

স্থানীয় সরকার মন্ত্রী বলেন, এই সরকার ক্ষমতায় আসার পর ৪টি নতুন মেডিক্যাল কলেজ, খুলনা বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে। অতীতে কোন সরকার উন্নয়নের এ দৃষ্টান্ত স্থাপন করতে পারেনি। তিনি বলেন, গত ১৩ মাসে এই সরকার বিপুল সাফল্য অর্জন করেছে। এই সরকারের বিরুদ্ধে অযোগ্যতার এবং ব্যর্থতার কথা সত্যের অপলাপ মাত্র। জনাব সালাম তালুকদার বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সরকার বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে শতকরা ৩৫ ভাগ আভ্যন্তরীণ সম্পদ যোগান দিয়েছিলেন। এরশাদ সরকারের আমলে এই যোগানের পরিমাণ শূন্যে এসে দাঁড়িয়েছিল। বর্তমান সরকারের আমলে এর পরিমাণ দাঁড়িয়েছে শতকরা ২৪ ভাগ।

সরকারের সাফল্যের কথা উল্লেখ করতে গিয়ে তিনি বলেন, কেবলমাত্র স্থানীয় সরকার মন্ত্রণালয় গত বছর ৭৫০ কোটি টাকার উন্নয়ন কর্মসূচী বাস্তবায়িত করেছে, যোগাযোগ মন্ত্রণালয় করেছে ৭২৫ কোটি টাকা, স্বাস্থ্য মন্ত্রণালয় এবং ত্রাণ মন্ত্রণালয় ব্যয় করেছে ৫০০ কোটিরও বেশী টাকা। তিনি বলেন, অন্যান্য মন্ত্রণালয়ও উন্নয়ন কর্মসূচীতে অনুরূপ অংকের টাকা ব্যয় করেছে। অতীতে কোন সরকারের আমলে এক বছরে এত উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়িত হয়নি বলে তিনি উল্লেখ করেন।

সরকারের ১৯ দফা কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে জনগণের কল্যাণ সাধন তথা দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে তিনি দলীয় সংগঠনকে আরো শক্তিশালী করার জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করে যাবার জন্য দলীয় নেতা ও কর্মীদের প্রতি আহবান জানিয়েছেন তথ্যবিবরণী।